বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

অর্থ-বছর ২০২৩-২০২৪

ফুলবাড়িয়া উপজেলা

ময়মনসিংহ

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

অর্থ-বছরঃ ২০২৩-২০২৪

প্রকাশকাল

মে, ২০২৩

ফুলবাড়িয়া উপজেলা পরিষদ

ময়মনসিংহ

উপদেষ্টা

জনাব আলহাজ্ব মোঃ মোসলেম উদ্দিন এডভোকেট
মাননীয় সংসদ সদস্য, ১৫১ ময়মনসিংহ-৬ (ফুলবাড়িয়া) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ফুলবাড়িয়া

পৃষ্ঠপোষকতায়

জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, ফুলবাড়িয়া উপজেলা, ময়মনসিংহ
জনাব মোহাম্মদ শরাফ উদ্দিন
ভাইস চেয়ারম্যান, ফুলবাড়িয়া উপজেলা, ময়মনসিংহ
জনাব পারভিন সুলতানা
মহিলা ভাইস চেয়ারম্যান, ফুলবাড়িয়া উপজেলা, ময়মনসিংহ

সম্পাদনায়

জনাব মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া উপজেলা, ময়মনসিংহ

প্রকাশনা কমিটি

জনাব মোঃ হাবিবুর রহমান
উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ীয়া
জনাব জেসমিন নাহার
উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ীয়া
জনাব মো: মাহবুব মোর্শেদ
উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়া
জনাব আব্দুল্লাহ আল বাকী
উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ীয়া

কারিগরি সহোযোগীতায়

মোঃ রকীব হোসেন
জেলা সমন্বয়ক, ইউআইসিডিপি, ময়মনসিংহ

গ্রন্থস্বত্ব

উপজেলা পরিষদ, ফুলবাড়িয়া উপজেলা, ময়মনসিংহ

প্রকাশকাল

মে, ২০২৩

সূচীপত্র

ক্র: নং	বিবরণ	পৃষ্ঠা নং
	মুখবন্ধ	৬
	বাণী	৭
১.	প্রথম অধ্যায় (উপজেলার পরিচিতি)	
	১.১ উপজেলার পটভুমি	১৪
	১.২ উপজেলার মানচিত্র	১৬
২.	দ্বিতীয় অধ্যায় (আর্থ-সামাজিক তথ্য)	
	২.১ উপজেলা পরিষদের আর্থ-সামাজিক তথ্য	২৪
৩.	তৃতীয় অধ্যায় (পরিষ্থিতি বিশ্লেষন)	
	৩.১ পরিষ্থিতি বিশ্লেষন	৪০
৪.	চতুর্থ অধ্যায় (SWOT এনালাইসিস)	
	৪.১ SWOT এনালাইসিস	৪৬
৫.	পঞ্চম অধ্যায় (উপজেলার সম্পদের চিত্রায়ণ)	
	৪.১ বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত দপ্তরের উন্নয়ন কার্যক্রম	৪৬
৬.	ষষ্ঠ অধ্যায় (উপজেলার সম্পদের চিত্রায়ণ)	
	৪.১ বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত সপ্তম	৪৬
৭.	সপ্তম অধ্যায় (২০২৩-২০২৪ অর্থ-বছরের বাজেট প্রাক্কলন)	
	৬.১ বাজেট সার-সংক্ষেপ	৫৬
৮.	অষ্টম অধ্যায় (রুপকল্প ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য ও অভিষ্ট)	
	৩.২ রুপকল্প বিবরণী	৪৪
	৩.৩ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য ও অভিষ্ট	৪৪
৯.	নবম অধ্যায় (প্রকল্প তালিকা ও সার-সংক্ষেপ)	
	৭.১ প্রকল্প তালিকা	৫৮
	৭.২ প্রকল্প সার-সংক্ষেপ	৬৩
১০.	দশম অধ্যায় (মনিটরিং ও মূল্যায়ন)	
	৮.১ মনিটরিং ও মূল্যায়ন কৌশলের উদ্দেশ্য	৮৯
	৮.২ মনিটরিং ও মূল্যায়ন কৌশলের মানদন্ড	৯০
	৮.৩ মনিটরিং ফরম্যাট	৯০
	৮.৪ মনিটরিং ও মূল্যায়ন প্রতিবেদনের কাঠামো	৯৩

মুখবন্ধ

যে কোন দেশ, এলাকা বা সংস্থার উন্নয়ন নির্ভর করে তার সুষ্ঠু পরিকল্পনা ও যথাযথ বাস্তবায়নের উপর। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ব্যবস্থার দ্বিতীয় স্তরের কাঠামো হচ্ছে উপজেলা পরিষদ। স্থানীয় পর্যায়ে প্রশাসন বিকেন্দ্রিকরণ, স্থানীয়ভাবে সম্পদ আহরণ ও জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে এ কাঠামো গঠন করা হয়। ১৯৯৮ সনের উপজেলা পরিষদ আইন এবং উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকায় উপজেলাকে প্রতি পাঁচ বছর পর পর পঞ্চ-বার্ষিক এবং প্রতি বছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার কথা বলা আছে। কিন্তু এ যাবত কোন উপজেলাই এ পরিকল্পনা সমুহ তৈরি করেনি। যদিও কিছু কিছু উপজেলা পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বা কেবল উন্নয়ন পরিকল্পনা তৈরি করে যা মান সম্মত বা কার্যকর হয়নি। ফলে উপজেলা সমুহ এ উন্নয়ন পরিকল্পনার অভাবে সার্বিক উন্নয়ন ও কাঙ্ক্ষিত সেবা নিশ্চিত করতে পারছিল না। আর এ কারণেই বাংলাদেশ সরকার JICA এর কারিগরি সহায়তায় সরকার প্রথম পর্যায়ে বাংলাদেশের ৮টি বিভাগের ৮টি উপজেলায় সমন্বিতভাবে পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার লক্ষ্যে UICDP নামক একটি প্রকল্প হাতে নেয়। পরবর্তীতে প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে ৯টি জেলার ৬৫টি উপজেলা এর আওতাভুক্ত হয়। আর ফুলবাড়িয়া উপজেলা সেই ৬৫টি সৌভাগ্যবান উপজেলাদের একটি। এ প্রকল্পের সহায়তায় ফুলবাড়িয়া উপজেলা ২০২৩-২৪ অর্থ-বছরের জন্য তার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার কাজ হাতে নেয়। উপজেলা পরিষদ ফুলবাড়িয়া উপজেলার আওতাভুক্ত পৌরসভা, ইউনিয়ন সমূহ, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করবে। এ পরিকল্পনার মাধ্যমে পরিষদ আগামী অর্থ-বছরে ফুলবাড়িয়া উপজেলায় কি কি উন্নয়ন কাজ করবে তার একটি রুপরেখা দেয়ার চেষ্টা করেছে। এরই ধারাবাহিকতায় ফুলবাড়িয়া উপজেলা আগামী বছরগুলোতে পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে বলে আশা করা যাচ্ছে।

বিশিষ্ট ব্যাক্তিদের বাণী

আলহাজ্ব মোসলেম উদ্দিন এডভোকেট
মাননীয় জাতীয় সংসদ সদস্য
১৫১, ময়মনসিংহ-৬ (ফুলবাড়িয়া)
ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ফুলবাড়িয়া

মাননীয় সংসদ সদস্যের বাণী

ফুলবাড়িয়া ময়মনসিংহ জেলার একটি অন্যতম উপজেলা। উপজেলা পরিষদ বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে একটি "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা" বই প্রণয়ন করছে জেনে আমি অত্যন্ত খুশি। একটি এলাকার উন্নয়ন নির্ভর করে তার সুষ্ঠু পরিকল্পনার উপর। ফুলবাড়িয়া উপজেলা পরিষদের এ উদ্যোগ তার সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়ন নিশ্চিত করবে।

বর্তমান গণতান্ত্রিক সরকার সব সময়ই স্থানীয় সরকারকে গুরুত্ব দিয়ে আসছে। বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করা সরকারের একটি লক্ষ্য। এ ভিশনকে সামনে রেখে সরকার বিভিন্ন কার্যক্রম হাতে নিচ্ছে, তেমনি একটি প্রকল্প UICDP। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন UICDP'র প্রধান উদ্দেশ্য হলো উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে উন্নয়ন ও সেবা কার্যক্রমজোরদার করা। একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনগণ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবে যার ফলে সুষ্ঠুভাবে সম্পদের ব্যবহার নিশ্চিত হবে এবং সকলের দক্ষতা, জবাবদিহিতার চর্চা বৃদ্ধি পাবে। "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২৩-২৪" বই প্রণয়ন ও বাস্তবায়নের ফলে যেমন সম্পদ ব্যবহারে অপচয় কমবে, তেমনি উন্নয়নের ভিত টেকসই হবে এবং অনগ্রসর জনগণের উন্নয়ন সম্ভব হবে। আমি এ চমৎকার উদ্দ্যোগের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং আশা করবো ফুলবাড়ীয়া উপজেলা এর সুষ্ঠু বাস্তবায়নে দৃঢ়ভাবে এগিয়ে যাবে।

আলহাজ্ব মোসলেম উদ্দিন এডভোকেট

আলহাজ্ব মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়িয়া, ময়মনসিংহ

উপজেলা চেয়ারম্যানের বাণী

ফুলবাড়িয়া উপজেলা ময়মনসিংহ জেলার একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী উপজেলা। উপজেলা সৃষ্টির পর থেকেই এ উপজেলা তার উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছে। কিন্তু একটি সুষ্ঠু পরিকল্পনার অভাব স্থানীয় জনপ্রতিনিধিগণের জন্য সমন্বিতভাবে উপজেলার উন্নয়ন করা কষ্টসাধ্য করে তুলেছিল । তবে আশার কথা ফুলবাড়িয়া উপজেলা বাংলাদেশ সরকার ও UICDP প্রকল্পের কারিগরি সহায়তায় এটা দ্বিতীয় ২০২৩-২৪ অর্থ-বছরের জন্য একটি ”বার্ষিক উন্নয়ন পরিকল্পনা” প্রণয়ন করছে।

সুশাসন ও জবাবদিহিতা ছাড়া যেমন একটি প্রতিষ্ঠান চলতে পারে না তেমনি জনগণের সক্রিয় অংশগ্রহণ ছাড়াও সেই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। বর্তমান জনবান্ধব সরকার তাই স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যকর উন্নয়নে বিশ্বাসী। জনপ্রতিনিধি, সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, সিভিল সোসাইটি ও ব্যক্তি মানুষের অংশগ্রহণের মাধ্যমে একটি কার্যকর ও অংশগ্রহণমূলক পরিকল্পনা তৈরীর লক্ষ্যেই এ প্রকল্প হাতে নেয়া হয়েছে বলে আমি জেনেছি। এটা বাস্তবায়িত হলে পরে যেমন একটি পরিকল্পিত উন্নয়ন সম্ভব হবে তেমনি প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতাও বৃদ্ধি পাবে। জনগন প্রত্যক্ষভাবে উন্নয়ন পরিকল্পনায় অংশগ্রহনের ফলে নিজেদেরকে মর্যাদাপূর্ণ ভাববে।

আমি এ উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি এ উপজেলাকে এ পাইলট প্রকল্পে রাখার জন্য। আমি আশা করবো উপজেলা পরিষদ এ পরিকল্পনা মোতাবেক তার উন্নয়ন কাজ এগিয়ে নিয়ে যাবে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখবে।

আলহাজ্ব মোঃ আব্দুল মালেক সরকার

জনাব মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়িয়া, ময়মনসিংহ

উপজেলা নির্বাহী অফিসারের বাণী

ফুলবাড়িয়া উপজেলা ময়মনসিংহ জেলার একটি অন্যতম প্রধান উপজেলা। ভৌগোলিক অবস্থান, অর্থনৈতিক কর্মকান্ড এবং জীবনযাত্রার মানেও এই উপজেলা আলোচিত এবং আলোকিত। ”বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২৩-২৪” করার মাধ্যমে এই উপজেলার উন্নয়ণ কর্মকান্ডে একটি সমন্বয়ের সুযোগ তৈরী হবে বলে আমি বিশ্বাস করি। উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থায় একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। সরকারী সেবায় আস্থা ফিরিয়ে আনতে সেবা প্রদান প্রক্রিয়া ও ব্যবস্থার গুণগত পরিবর্তন আনা

প্রয়োজন। একথা অনস্বীকার্য যে, অংশগ্রহণমূলক, শক্তিশালী, জবাবদিহিতামূলক, নিরপেক্ষ প্রাতিষ্ঠানিক ভিত্তি ব্যতিরেকে উপজেলা পরিষদকে কার্যকরী করা সম্ভবপরনয়। সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে জনপ্রতিনিধিদের দীর্ঘমেয়াদের ভিশনই পারে ভবিষ্যতের কাংখিত মাত্রার স্থানীয় সরকার তৈরী করতে।

উপজেলার বিভিন্ন দফতরের সম্পাদিত কাজ ও ভবিষ্যৎ পরিকল্পনা এখানে স্থান পেয়েছে। এর পাশাপাশি জাতীয় দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে স্ব-স্ব দফতরের কাজের যোগসূত্র স্থাপিত হয়েছে। উলবাড়িয়অ উপজেলার স্থানীয় পর্যায়ে সরকারী-বেসরকারী সেবা প্রদানকারী সকল প্রতিষ্ঠান একটি একীভূত সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মধ্য দিয়ে সেবা প্রদান অব্যাহত রাখবে বলে আমি মনে করি।

এই পরিকল্পনা পুস্তিকায় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তর ও তার কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানাই। আরো ধন্যবাদ জানাই টেকনিক্যাল গ্রুপ এর সদস্যবৃন্দসহ তাদের যারা এই পুস্তিকা প্রণয়নে নিরলসভাবে কাজ করেছেন এবং একে স্বার্থকভাবে প্রকাশ করেছেন।

মোহাম্মদ নাহিদুল করিম

মোহাম্মদ শরাফ উদ্দিন
উপজেলা ভাইস চেয়ারম্যান
ফুলবাড়িয়া, ময়মনসিংহ

উপজেলা ভাইস চেয়ারম্যানের বাণী

দেশের স্থানীয় সরকার কাঠামোর দ্বিতীয় স্তরের প্রতিষ্ঠান হচ্ছে উপজেলা পরিষদ। প্রশাসন বিকেন্দ্রিকরণ ও স্থানীয় পর্যায়ে সম্পদ আহরনের মাধ্যমে উন্নয়ন নিশ্চিত করতে এ কাঠামো গঠন করা হয়। ১৯৯৮ সনের উপজেলা পরিষদ আইন ও উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকায় উপজেলা পরিষদকে পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও প্রতি বছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার কথা বলা আছে। বাংলাদেশ সরকার JICA এর কারিগরি সহায়তায় বাংলাদেশের ৮টি বিভাগের ৬৫টি উপজেলায় সমন্বিতভাবে পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও প্রতি বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার জন্য UICDP প্রকল্প হাতে নিয়েছে। ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলা এ ৬৫টি উপজেলার একটি। উপজেলা ভাইস চেয়ারম্যান হিসাবে আমি আনন্দিত ও খুশি হয়েছি ফুলবাড়ীয়া উপজেলা সফলভাবে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করতে পেরেছে। আমি আশা করবো উপজেলা পরিষদ এ পরিকল্পনা মোতাবেক তার উন্নয়ন কাজ এগিয়ে নিয়ে যাবে এবং উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তুলবে। আমি এ কাজের সংগে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোহাম্মদ শরাফ উদ্দিন

জনাব পারভিন সুলতানা
উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)
ফুলবাড়িয়া, ময়মনসিংহ

উপজেলা ভাইস চেয়ারম্যানের (মহিলা) বাণী

ফুলবাড়িয়া উপজেলা পরিষদ বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। মুক্তাগাছা উপজেলা পরিষদের 'বার্ষিক উন্নয়ন পরিকল্পনা' সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হিসেবে কাজ করবে বলে আশা করি।

উপজেলা পরিষদ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ স্তর। এই স্তরকে অধিকতর শক্তিশালী ও কার্যকর করার জন্য বর্তমান সরকার ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে, তেমনই একটি প্রকল্প UICDP। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন UICDP'র প্রধান উদ্দেশ্য হলো উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে উন্নয়ন ও সেবা কার্যক্রম জোরদার করা। এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা এবং সরকারি নীতি প্রতিফলনের মাধ্যমে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসার ও হস্তান্তরিত ১৭টি দপ্তরের কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে।

একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনগণ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবেন যার ফলে সুষ্ঠুভাবে সম্পদের ব্যবহার নিশ্চিত হবে। দক্ষতা, জবাবদিহিতা ও গণতন্ত্রের চর্চা বৃদ্ধি পাবে। এর ফলে সম্পদ ব্যবহারে অপচয় কমবে, উন্নয়নের ভিত টেকসই হবে এবং অনগ্রসর জনগণের উন্নয়ন সম্ভবপর হবে। আমি উদ্যোগকে স্বাগত জানাই ও ফুলবাড়ীয়া উপজেলার সাফল্য কামনা করি।

পারভিন সুলতানা

প্রথম অধ্যায়

উপজেলার পরিচিতি

১.১ উপজেলার পটভূমি

দক্ষিণ পশ্চিম ময়মনসিংহের এক অগ্রসর জনপদের নাম ফুলবাড়ীয়া। ফুলবাড়ীয়া উপজেলার আয়তন ৪০১.১৬ বর্গ কি: মি:। ফুলবাড়ীয়া উপজেলার উত্তরে মুক্তাগাছা উপজেলা, দক্ষিণে শিল্প সমৃদ্ধ ভালুকা উপজেলা, পূর্বে শিল্প সমৃদ্ধ ত্রিশাল ও ময়মনসিংহ সদর উপজেলা এবং পশ্চিমে ঘাটাইল ও মধুপুর উপজেলা অবস্থিত। ফুলবাড়ীয়া উপজেলাতে খেরু, বানার, আখালিয়া, দেওনাই নদী রয়েছে। ফুলবাড়ীয়া উপজেলা মোট ১৩টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে গঠিত। অত্র উপজেলাতে সকল ধর্মের মানুষজন সুন্দর ও সাম্যের সহিত একত্রে বসবাস করে। প্রাচীনকালে ফুলবাড়ীয়ায় ফুলখড়ি নামের এক ধরনের গাছ জন্মাত। ধারনা করা হয় যে, ফুলখড়ি নাম থেকেই আজকের ফুলবাড়ীয়া নামের উৎপত্তি হয়। ১৮৬৮ সালে প্রশাসনিকভাবে ফুলবাড়ীয়া থানা প্রতিষ্ঠিত হয়। কিন্তু পরবর্তীতে ১৯৮৩ সালে ফুলবাড়ীয়া উপজেলা পরিষদ প্রতিষ্ঠিত হয়।

উপজেলা হিসেবে আত্মপ্রকাশের পূর্বেই কৃষিতে সমৃদ্ধ ছিলো ফুলবাড়ীয়া। ফুলবাড়ীয়া উৎপাদিত লাল চিনি ও হলুদ সারাদেশে সুখ্যাত। প্রথাগত চাষাবাদ ব্যবস্থাকে পেছনে ফেলে ফুলবাড়ীয়ায় সম্প্রতি বহুমুখী কৃষির সম্ভাবনা দেখা দিচ্ছে। এছাড়া, ফুলবাড়ীয়ার লেবুর চাহিদা দেশ থেকে বিদেশে ছড়িয়ে পড়েছে। বিগত অর্থ বছরগুলোতে ফুলবাড়ীয়াতে উৎপাদিত ফসলের বাজারমূল্য ছিলো প্রায় ১১০০ কোটি টাকা। অন্যদিকে মৎস্য চাষ ও পশু পালনে ফুলবাড়ীয়া উপজেলায় অভূতপূর্ব সাফল্য দেখা দিচ্ছে। ফুলবাড়ীয়ায় উৎপাদিত কৃষিপণ্যের বৃহৎ বাজার সৃষ্টি করা গেলে জাতীয় কৃষিজ পণ্য উৎপাদন ও সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

প্রাকৃতিক সৌন্দর্যেও ফুলবাড়ীয়া উপজেলা আশির্বাদপুষ্ট। এ জনপদের দক্ষিণ-পশ্চিমে রয়েছে লাল মাটির উচ্চভূমি, পূর্ব ও পশ্চিমে রয়েছে একাধিক প্রাকৃতিক বিল-জলাশয়। এ উপজেলার সংরক্ষিত বন, রাবার বাগান ও বড়বিলার সৌন্দর্য বার বার ভ্রমণ পিপাসু মানুষকে আকর্ষণ করেছে। চিরসবুজ এ জনপদে আদিকাল থেকে ছিলো নির্মাণ কুশলী মানুষের বসবাস। এ উপজেলার বিভিন্ন প্রান্তে লুকিয়ে আছে প্রাচীন মসজিদ এবং ধর্মীয় স্থাপনা। মহান মুক্তিযুদ্ধে ফুলবাড়ীয়ার গৌরবগাঁথার জানান দেয় রাঙ্গামাটিয়া এবং ভালুকজানে শহীদদের উদ্দেশ্যে নির্মিত স্মৃতিসৌধ। সঠিক প্রচারণা ও সহায়তা পেলে ফুলবাড়ীয়া হয়ে উঠতে পারে পর্যটনের নতুন আকর্ষণ।

ভৌগোলিক এবং যোগযোগ অবকাঠামোগত কারণে ফুলবাড়ীয়া উপজেলা ভবিষ্যতে হয়ে উঠতে পারে কৃষিজ পণ্যের অন্যতম আঞ্চলিক কেন্দ্র। এছাড়া দক্ষিণে ও পশ্চিমে ক্রমবর্ধমান কৃষিভিত্তিক শিল্পাঞ্চল এ জনপদের অর্থনৈতিক পরিবর্তনে সুদৃঢ় ভূমিকা রাখতে পারে।

১.২ উপজেলার মানচিত্র

ফুলবাড়ীয়া উপজেলার উত্তরে মুক্তাগাছা উপজেলা, দক্ষিণে ভালুকা উপজেলা, পূর্বে ত্রিশাল ও ময়মনসিংহ সদর উপজেলা এবং পশ্চিমে ঘাটাইল ও মধুপুর উপজেলা অবস্থিত।

দ্বিতীয় অধ্যায়

আর্থ-সামাজিক তথ্য

২.১ উপজেলা পরিষদের আর্থ-সামাজিক তথ্য

বিষয়	পরিমাণ/সংখ্যা	উৎস/বছর	
উপজেলা প্রতিষ্ঠা	**১ আগষ্ট, ১৯৮৩ খ্রিঃ**		
জেলা সদর থেকে দূরত্ব	**২২.৪০ কিমি**		
আয়তন	৪০১.১৬ বর্গ কি.মি.	আদম শুমারি ২০১১	
জনসংখ্যা	নারী- ২২৫৫২৭ জন পুরুষ- ২০২৩৮৬ জন মোট- ৪২৭৯৩ জন	ঐ	
খানা/ পরিবার	**৪৪০০৭ টি**		
প্রতিবন্ধী জনসংখ্যার সংখ্যা	নারী-৫৫৮৪ পুরুষ-৬১৮৩ তৃতীয় লিঙ্গ-২৭	সমাজ সেবা অফিস	
ভোটার সংখ্যা	১১৩৩৪৮ জন	নির্বাচন অফিস	
জনসংখ্যার ঘনত্ব	১৭০০ প্রতি বর্গ কি.মি.		
পৌরসভার সংখ্যা	- ১ টি		
ওয়ার্ড	-		
ইউনিয়নের সংখ্যা	১৩ টি		
মহল্লা	-		
মৌজা	**৯৬ টি**		
গ্রামের সংখ্যা	১৬২ টি		
গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামো			
হাট-বাজার	৩৩		
গ্রোথ সেন্টার (Growth Center)	৪০		
হাসপাতাল	২	সরকারি	
স্বাস্থ্য উপ-কেন্দ্র/ কমিউনিটি ক্লিনিক	৫২		
ব্যাংকের শাখা	১৫		
ডাকঘর	২		
প্রাথমিক বিদ্যালয়	২১৩		
মাধ্যমিক বিদ্যালয়	১৩৭		
বিশ্ববিদ্যালয়/ কলেজ	৩		
মসজিদ	৪৩২	ইসলামিক ফাউন্ডেশন	
মন্দির	২৫		
গীর্জা/চার্চ	১৩		
কবরস্থান	১০ টি সামাজিক কবরস্থান		
নৌকার ঘাট	-		
পোষ্ট অফিস	১		
কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	০২	উপজেলা শিক্ষা অফিস	
গণ শৌচাগার	-		
পাঠাগার	৩		
পার্ক/উন্মুক্তস্থান	বেসরকারি পার্ক		
পুকুরের সংখ্যা	১০		
নদীর সংখ্যা	০৩	ভূমি অফিস	
এসডিজি'র গুরুত্বপূর্ণ সূচক সমূহ এবং টার্গেট সমূহ	জাতীয় পর্যায়ে বেসলাইন তথ্য (বছর)	উপজেলার	২০৩০ সালের

		সর্বশেষ তথ্য (বছর)	লক্ষ্যমাত্রা
১.২.১ জাতীয় দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী জনসংখ্যার মধ্যে দারিদ্রের হার (%) (এসডিজি-১, টার্গেট ১.২)	২৪.৩% (বিশ্বব্যাংক, ২০১৬)	২৬%	৯.৭%
২.২.২ পাঁচ (৫) বছরের কমবয়সী শিশুদের মধ্যে অপুষ্টির হার (%) (এসডিজি ২, টার্গেট ২.২)	১৪.৩% (BDHS, ২০১৫)	< ১১%	< ৫%
৩.১.১ মাতৃ মৃত্যুর হার (প্রতি ১০০০ শিশুর জন্য) (এসডিজি ৩, টার্গেট ৩.১)	১৮১ (SVRS, ২০১৫)	১৩৫	৭০
৪.২.২ প্রাতিষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণকারীর হার (সরকারী হিসাবে প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সের সময়) (%) (এসডিজি ৪, টার্গেট ৪.২)	৩৯% (APSC, ২০১৫)	৯২%	১০০%
৫.৫.১স্থানীয় সরকারে প্রতিনিধিত্বকারী নারী প্রতিনিধির পরিমাণ (%) (এসডিজি ৫, টার্গেট ৫.৫)	২৩% (স্থানীয় সরকার বিভাগ, ২০১৬)	১০%	৩৩%
৬.১.১ নিরাপদ পানীয় জল ব্যবহারকারী জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৬, টার্গেট ৬.১)	৪২.৬%, (MICS, ২০১৯)	৮৮%	১০০%
৭.১.১ বিদ্যুৎ সরবরাহের আওতায় থাকা জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৭, টার্গেট ৭.১)	৭৮% (SVRS, ২০১৮)	১০০%	১০০%
৮.৬.১ ১৫-২৪ বছর বয়সী যুবকদের মধ্যে শিক্ষা, কর্মসংস্থান, বা প্রশিক্ষণে না থাকা যুবকের পরিমাণ (%) (এসডিজি ৮, টার্গেট ৮.৬)	২৮.৮৮% (QLFS, ২০১৫-১৬)	১৫%	৩%
৯.গ.১ মোবাইল নেটওয়াকের্রআওতায় থাকা জনসংখ্যার অনুপাত	২এ- ৯৯% ৩এ- ৭১%	৩ জি ৬০% ২ জি ৪০%	২এ, ৩এ- ১০০%, 4G চালু হয়েছে ২০১৮ সালে
ঝরে পড়া শিক্ষার্থীর হার	১০.৫%	২৯%	শিক্ষা অফিস
স্বাস্থ্য সম্মত শৌচাগার ব্যবহারকারীর পরিবার (%)	৮১.৫%	৯১%	বিবিএস ২০১৯

ইউনিয়ন সমূহ

১নং নাওগাও ইউনিয়ন

২নং পুটিজানা ইউনিয়ন

৩নং কুশমাইল ইউনিয়ন

৪নং বালিয়ান ইউনিয়ন

৫নং দেওখোলা ইউনিয়ন

৬নং ফুলবাড়ীয়া ইউনিয়ন

৭নং বাক্তা ইউনিয়ন

৮নং রাংগামাটিয়া ইউনিয়ন

৯নং এনায়েতপুর ইউনিয়ন

১০নং কালাদহ ইউনিয়ন

১১নং রাধাকানাই ইউনিয়ন

১২নং আছিম পাটুলী ইউনিয়ন

১৩নং ভবানীপুর ইউনিয়ন

তৃতীয় অধ্যায়

পরিস্থিতি বিশ্লেষন

৩.১ পরিস্থিতি বিশ্লেষণ

উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান, পরিমাণ, কারণ, সমস্যা সমাধানে চলমান কার্যাবলিকে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং চলমান কার্যাবালি শেষে ১ বছর পর আর কতটুকু সমস্যা থাকবে তা চিহ্নিত করে উপজেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদ তার সক্ষমতা অনুযায়ী সুপারিশ থেকে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক উপজেলা কমিটি ও টিজিপি পরিস্থিতি বিশ্লেষণে উপজেলা পরিষদকে সহযোগিতা করেছে।

পরিস্থিতি বিশ্লেষন

খাত	সমস্যা / উন্নয়নের প্রতিবন্ধকতার বর্ণনা				সাম্প্রতিক, চলমান এবং / অথবা পরিকল্পিত কার্যাবলি	১ বছর পরে বিদ্যমান সমস্যা	সুপারিশযোগ্য পদক্ষেপ / পাল্টা ব্যবস্থা
	সমস্যা	অবস্থান/ এলাকা	পরিমাণ/ বিস্তৃতি	কারণ			
কৃষি	অযাচিত ভাবে কৃষি জমি নষ্ট ও বোরো মৌসুমে সেচের অভাব	১৩ টি ইউনিয়ন	৮০৪০০ হাজার কৃষকের মধ্যে ২৫ % কৃষক।	১। অবৈধ ভাবে ইটভাটা তৈরি ও ইট ভাটার জন্য জমির উপরিভাগের মাটি সরিয়ে ফেলা। ২। অপরিকল্পিত গৃহায়ন। ৩। বোরো মৌসুমে সময়মত সেচ যন্ত্র চালু না করা এবং ধানের ফ্লাওয়ারিং ও মিল্কিং স্টেজ এর সময় সেচ যন্ত্র বন্ধ করে দেওয়া। ৪। পর্যাপ্ত খাল ড্রেজিং এর অভাব। ৫। কাঁচা সেচ নালা।	১। মোটিভেশানের মাধ্যমে কৃষকদের কৃষি জমির মাটি বিক্রয় না করার জন্য উৎসাহিত করা হচ্ছে। ২। পানি সাশ্রয়ী প্রযুক্তি সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা হয়েছে।	১। ২০% কৃষক	১। উপজেলার সেচ যন্ত্র গুলোর সঠিক তথ্য সংগ্রহ এবং যেখানে সেচ ব্যবস্থা নেই সেখানে সেচ যন্ত্র স্থাপনের উদ্যোগ গ্রহন করা। ২। খাল ড্রেজিং এর জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সুপারিশ করবে। ৩। আধুনিক সেচনালা ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ৪। বারিড পাইপ/ভূগর্ভস্থ সেচনালার জন্য কৃষি সম্প্রসারন অধিদপ্তরকে চিঠির মাধ্যমে চাহিদা প্রেরণ। ৫। অবৈধ ইট ভাটা উচ্ছেদ ও কৃষি অফিসের প্রত্যয়ন ছাড়া নতুন ইট ভাটা স্থাপন না হওয়ার জন্য উপজেলা পরিষদ ও প্রশাসনের উদ্যোগ গ্রহন করা। ৬। উপজেলা ও ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন ছাড়া যাতে অপরিকল্পিত গৃহায়ন না হতে পারে সে বেপারে নীতিমালা তৈরি করা।

কৃষি	উৎপাদন খরচ বেশি ও সঠিক বাজার ব্যবস্থাপনা না থাকায় কৃষক ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে।	১৩ টি ইউনিয়ন	৮০৪০০ হাজার কৃষকের মধ্যে ৪০% কৃষক।	১। কৃষিতে আধুনিক যন্ত্রপাতি (পাওয়ার স্প্রে মেশিন, রিপার, কম্পাইন হারভেস্টার মেশিন, শ্যালো ইঞ্জিন, ফিতা পাইপ) এর অপ্রতুলতা। ২। আধুনিক বাজারের অভাব। ৩। কৃষকদের শস্য বিন্যাস অনুসরন না করে ফসল চাষ করা। ৪। কৃষকদের আধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহারের সক্ষমতা না থাকা।	১। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষিতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করার কাজ চলমান আছে। চলতি বছরে (২০২১-২০২২) মধ্যে ৪০% (আধুনিক যন্ত্রপাতির উন্নত কৃষি উপকরণ ব্যবহার না করা কৃষকের হার) থেকে ৩০% কমিয়ে আনা। ২। উদ্বুদ্ধকরনের মাধ্যমে শস্যবিন্যাস অনুসরন করিয়ে কৃষদের ফসল চাষের ব্যবস্থা করা হচ্ছে। এতে করে আমন ও বোরোর মাঝে সরিষা আবাদের প্রবণতা বাড়ছে। ফলে বাড়তি আয় হচ্ছে। ৩। বিদেশে লেবু রপ্তানির উদ্যোগ গ্রহন করা হয়েছে।	১। ৩০% কৃষক	১। উপজেলা পরিষদ ৫ % কৃষকদের আধুনিক যন্ত্রপাতি (ট্রাক্টর বা পাওয়ার টিলার, স্প্রে মেশিন, রিপার মেশিন, শ্যালো ইঞ্জিন, ফিতা পাইপ) ও উন্নত কৃষি উপকরণ (বীজ/চারা ও সার) ব্যবহার নিশ্চিত করবে। ২। আধুনিক বাজার গড়ে তুলতে হবে যেখান থেকে কৃষকের পণ্য সরাসরি শহর বা বিদেশে রপ্তানি করা যাবে। ৩। কৃষি পন্য বিপননের জন্য অনলাইন বাজার গড়ে তোলা ও ট্রান্সপোর্টেশান সুবিধার ব্যবস্থা করা। ৪। বিদেশে লেবু রপ্তানির জন্য এক্সপোর্টাদের নিকট পণ্য পৌছে দেওয়ার জন্য পণ্য সরবরাহ ব্যবস্থা (মিনি ট্রাক) করা।

প্রাথমিক শিক্ষা	১। বিদ্যালয়ে শিক্ষার্থী অনুপাতে কক্ষ সংখ্যার স্বল্পতা। ২। বিদ্যালয়ের সংযোগ সড়ক যাতায়াত উপযোগী নয়। ৩। শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি। ৪। মাল্টিমিডিয়া ক্লাশরুম সংকট। ৫। উপজেলা শিক্ষা অফিসে কম্পিউটার সংকট। ৬। নিরাপদ পানির সংকট। ৭। আসবাবপত্র সংকট।	১৩ টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা	১। ৪৮টি বিদ্যালয়। ২। ১৩টি বিদ্যালয়। ৩। ২০১টি বিদ্যালয়ে ৪৮৯৬৬ জন শিক্ষার্থী। ৪। ২০০টি বিদ্যালয়। ৫। ৩টি কম্পিউটার। ৬। ১১টি বিদ্যালয়। ৭। ৩১টি বিদ্যালয়।	১। বরাদ্দের স্বল্পতা। ২। অধিকাংশ শিক্ষার্থী স্বাস্থ্যসম্মত জুতা পরিধান করেনা। ৩। সকল বিদ্যালয়ে পানীয়জল বিশুদ্ধকরণের ব্যবস্থা নেই।	১। পিইডিপি - ৪ এর আওতায় ক্ষুদ্র মেরামত ৪০টি, রুটিন মেইনটেনেন্স ১১৫টি, ওয়াশব্লক রুটিন মেইনটেনেন্স ৭৩টি বিদ্যালয়ে কার্যক্রম চলমান। ২। পিইডিপি - ৪ এর আওতায় ৮টি বিদ্যালয়ে Need based Playing accessories স্থাপন। ৩। ২০১টি বিদ্যালয়ে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (স্লীপ) কার্যক্রম চলমান।	১। ৩৫টি বিদ্যালয়ের কক্ষ স্বল্পতা থেকে যাবে। ২। ১৩টি সংযোগ সড়ক থেকে যাবে। ৩। ২০১টি বিদ্যালয়ের পানীয়জল বিশুদ্ধকরণের সংকট এবং প্রায় ৩০ হাজার শিক্ষার্থী স্বাস্থ্যসম্মত জুতা পরিধান না করার কারণে স্বাস্থ্যঝুঁকি থেকে যাবে। ৪। ৩টি কম্পিউটার সংকট থেকে যাবে। ৫। ৬টি বিদ্যালয়ে নলকূপ সংকট থেকে যাবে। ৬। ২১টি বিদ্যালয়ে শিক্ষার্থীদের বেঞ্চ সংকট থেকে যাবে।	উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে ১। ৩৫টি বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণে মন্ত্রণালয় এবং জাইকার ইউজিডিপি প্রকল্প। ২। ১৩টি সংযোগ সড়ক নির্মাণ/সংস্কার। ৩। ৫০টি বিদ্যালয়ে পানি বিশুদ্ধকরণ যন্ত্র স্থাপন। ৪। কমপক্ষে ১০ হাজার শিক্ষার্থীর জন্য স্বাস্থ্যসম্মত জুতার ব্যবস্থাকরণ। ৫। ৬টি বিদ্যালয়ে নলকূপ স্থাপন। ৬। জাইকার ইউজিডিপি প্রকল্প থেকে অন্তত ১১টি বিদ্যালয়ে শিক্ষার্থীদের বেঞ্চ সরবারহকরণ।
মহিলা বিষয়ক অফিস	উপজেলা হতদরিদ্র, বিধবা, প্রতিবন্ধী, তালাকপ্রাপ্তা, স্বামী পরিত্যাক্তা নারীদের কর্মসংস্থানের সুবিধার অভাবে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত হচ্ছে।	উপজেলা পরিষদ ভবন	আনুমানিক প্রতি বছর ২০০জন নারী।	১।প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও শিক্ষার অভাব। ২। দারিদ্রতার কারনে নারীরা বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষন নিতে পারেন না। ৩।উপজেলা মহিলা বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্রে জলাবদ্ধতা, অবকাঠামো	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কতৃক পরিচালিত “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক আইজিএ প্রশিক্ষন প্রকল্প” এর মাধ্যমে প্রতি বছর	২০০ জন নারী কর্মসংস্থানের সুযোগ হতে বঞ্চিত হবেন।	১।প্রশিক্ষনার্থীদের সুবিধার্থে উপজেলা মহিলা বিসয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রশিক্ষন ভবনটি বর্ধিত করন ও জলাবদ্ধতা দূরীকরন জরুরী। ২।মহিলা বিষয়ক কার্যালয়ের বর্তমান ভবনটি সংস্কার করা যেতে পারে।

				সমস্যার কারনে প্রশিক্ষন প্রদান করা কষ্টকর হচ্ছে। ৪। মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রশিক্ষন ভবনটি বর্ধিত করা ও জলাবদ্ধতা দূরীকরন জরুরী।	২০০জন মহিলাদেরকে ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষন প্রদান করা হচ্ছে।		
মহিলা বিষয়ক অফিস	মহিলা বিষয়ক অধিদপ্তরের অফিস কক্ষের অবস্থা খুবই খারাপ। দরজা, জানালা ভাঙ্গা। অফিস সংস্কার অতি জরুরী ও ল্যাপটপ প্রয়োজন।	উপজেলা পরিষদ ভবন	দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে।	১। যথাযথ ফার্নিচারের অভাব। ২।কম্পিউটারের সমস্যা। ৩।অফিস কক্ষের দরজা, জানালা ভাঙ্গা।	বর্তমানে অত্র অফিসে অতি কষ্টে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।	-	১।অফিস কক্ষ মেরামত করা যেতে পারে। ২।কম্পিউটার প্রদান করা যেতে পারে। ৩।ফার্নিচার সরবারহ করা যেতে পারে।
মহিলা বিষয়ক অফিস	নারী নির্যাতন ও বাল্য বিবাহের উপর কার্যক্রম।	উপজেলার সকল ইউনিয়ন ভবন	নারী নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহের উপর কর্মশালা জরুরী।	১।নারী নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ দূরীকরন ও সচেতন করন।	নারী নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহের উপর ইউনিয়ন ও উপজেলা ।পর্যায়ে বিভিন্ন স্তরের জনগন যেমন কাজী, জনপ্রতিনিধি, অভিবাবক নিয়ে কর্মশালার আয়োজন করা।	-	নারী নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহের উপর ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে বিভিন্ন স্তরের জনগন যেমন, কাজী, জনপ্রতিনিধি, অভিবাবক ও সেচ্ছাসেবী মহিলা সমিতি নিয়ে কর্মশালার আয়োজন করা যেতে পারে।
প্রাণিসম্পদ	কৃষক/খামারিদের উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি	প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল	০১ টি	সেড নির্মানে সঠিক পরিকল্পনা ও বরাদ্দের অভাব।	----	-------	প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে ১টি এ্যানিমেল সেড নির্মান করা যেতে পারে।

	হাসপাতালে অসুস্থ প্রাণি নিয়ে অবস্থানের জন্য এ্যানিমেল সেড না থাকা।						
প্রাণিসম্পদ	মৃত হাঁস মুরগি পোস্ট মর্টেম করার পর তা সঠিক ভাবে Disposed করতে না পারা।	প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল	------	প্রাণিসম্পদ carcas pit না থাকা	-----	------	প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে carcas pit স্থাপন করা যেতে পারে।
প্রাণিসম্পদ	গবাদিপশু ও হাঁস মুরগির টিকার অপর্যাপ্ততা	উপজেলার সকল ইউনিয়ন	----	চাহিদার তুলনায় টিকার কম প্রাপ্যতা	-----	------	সকল ইউনিয়নে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা প্রয়োগের ব্যবস্থা করা যেতে পারে।
প্রাণিসম্পদ	পশু খাদ্য ও হাঁস মুরগির খাদ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় উৎপাদন খরচ বৃদ্ধি পাচ্ছে।	উপজেলার সকল ইউনিয়ন	৭০১৫২ জন কৃষক/খামারি র	১। পশু খাদ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে ফলে উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় গবাদি পশু, হাঁস মুরগি পালনে খামারিরা আগ্রহ হারিয়ে ফেলছে। ২। কারিগরি জ্ঞানের স্বল্পতার জন্য খামারিরা আধুনিক পদ্ধতিতে পশু খাদ্য তৈরি/গবাদিপশু, হাঁস মুরগির খামার করে অধিক হারে উৎপাদন করতে সক্ষম হচ্ছে না।	ময়মনসিংহ বিভাগে ফুলবাড়ীয়া উপজেলায় রাজস্ব/প্রকল্পের মাধ্যমে ১০০০ জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে।	৭০,১৫২ জন খামারির মধ্যে ১০০০ জন বাদে বাকি ৬৯১৫২ জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না।	১। পশু খাদ্যের মূল্য বৃদ্ধি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। ২। ২০০০ জন খামারির স্বল্প মেয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ৩। ৩০০০ জন আগ্রহি/উদ্যোক্তা (বানিজ্যিক/খামারি) দের মধ্যে দল ভিত্তিক বিভিন্ন উপকরন (পিলেট মেশিন, দুধ দোহনের মেশিন, ঘাস কাটার মেশিন, ঘরের উপকরন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন ইত্যাদি) প্রদান করা যেতে পারে।

সমাজসেবা অধিদপ্তর	১। অফিস রুম সংকট	১৩ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভা	ফার্নিচার্স ১৫ জন স্টাফদের জন্য মাত্র ১ টি অফিস রুম যা খুবই কষ্টকর।	অবকাঠামোগত দিক	সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহুর্তে চলমান নেই।	--------	উপজেলা পরিষদের রুম গুলো পুর্নবিন্যাসের মাধ্যমে এ সম্যসা কিছুটা সমাধান করা যেতে পারে।
সমাজসেবা অধিদপ্তর	১। সেবা গ্রহিতাদের বসার রুমর এবং শৌচাগার না থাকায় সেবা গ্রহিতারা চরম ভোগান্তির শিকার হচ্ছে।		------	পর্যাপ্ত অবকাঠামো না থাকা।	ঐ	-----------------	উপজেলা পরিষদ এর সুবিধাজনক জায়গায় সেবা গ্রহিতাদের জন্য একটি বিশ্রাম কক্ষ এবং সাথে শৌচাগারের ব্যবস্থা করা।
যোগাযোগ ও ভৌত অবকাঠামো	স্থানীয় বাসিন্দাদের অন্যান্য ইউনিয়নের সাথে যোগাযোগ রক্ষার্থে স্কুল, কলেজ, গ্রামীণ বাজারের যাতায়েত ব্যবস্থার ব্যাপক উন্নতি করতে হবে। অন্যথায় অত্র উপজেলার আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ক্ষতির সম্মুখিন হবে।	সমগ্র উপজেলা	৪০০ কি.মি গ্রামীণ মাটির রাস্তা, ৬ কি.মি এইচবিবি করণ এবং ১৫ টি ব্রীজ/কালভার্ট মেরামত, পুনঃনির্মাণ ও নির্মাণকরণ এবং ২০ কি:মি: রাস্তা	অত্র উপজেলায় যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নে চাহিদার তুলনায় বরাদ্দের পরিমান অনেক কম থাকায় সমস্যার সম্মুখিন হচ্ছে।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ১৩০ কি.মি গ্রামীণ মাটির রাস্তা মেরামত, ৩.৫ কি.মি এইচবিবি প্রকল্পের কাজ চলমান এবং ৮ টি ব্রীজ/কালভার্ট প্রকল্পের কাজ প্রক্রিয়াধীণ। LGED কতৃক বাস্তবায়িত ২৮ কি:মি: রাস্তা নির্মান,	অত্র উপজেলায় ২৭০ কি.মি গ্রামীণ মাটির রাস্তা, ২২.৫ কি.মি এইচবিবি করণ এবং ৪২ টি ব্রীজ/কালভার্ট মেরামত, পুনঃনির্মাণ ও নির্মাণকরণ অবশিষ্ট থেকে যাবে। প্রায় ৩০০ কি:মি: রাস্তা কাচা থাকবে।	উপজেলা পরিষদের আওতায় আগামী এক বছরের মধ্যে ৫.০ কি.মি গ্রামীণ মাটির রাস্তা, ৪.০ কি.মি এইচবিবি রাস্তা নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ হলো। আগামী বছরে প্রায় ৩০ কি:মি: রাস্তা মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

			কার্পেটিং করা।		১৪০ মিটার ব্রীজ নির্মান, ২৫ কি:মি: রাস্তা মেরামত।		
সামাজিক নিরাপত্তা বেষ্টনী এবং মানবিক সহায়তা কর্মসূচী	অত্র উপজেলায় দুস্থ, অসহায় ও দারিদ্রতার হারের কারনে জীবন যাত্রার মান উন্নয়নে ব্যাপক বাধার সৃষ্টি হচ্ছে।	১৩টি ইউনিয়ন	অত্র উপজেলায় মোট জনসংখ্যার প্রায় ২৭ % দারিদ্রসীমার নিচে বসবাস করছে।	অত্র উপজেলায় পর্যাপ্ত কর্মসংস্থানের ব্যবস্থা না থাকায় এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচীর আওতায় বরাদ্দের পরিমান কম থাকায় দারিদ্রতার হার কমানো সম্ভব হচ্ছে না।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচী আওতায় ৯০ টি স্কুল-প্রতিষ্ঠান /মসজিদ/মাদ্রাসা/ মন্দির এর উন্নয়ন, ভিজিএফ কর্মসূচীর আওতায় ১০৬২৬৬ টি দুস্থ অসহায় পরিবারের মাঝে খাদ্য ও অর্থ সহায়তা প্রদান ২৫০ বান্ডিল ঢেউটিন ও নগদ অর্থ প্রদান এবং ৫,২৫,০০০/- টাকা জি আর ক্যাশ প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মানবিক সহায়তা	অত্র উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচী আওতায় ৮০ টি স্কুলপ্রতিষ্ঠান/মসজিদ/মাদ্রাসা/মনিদর এর উন্নয়ন, ভিজিএফ কর্মসূচীর আওতায় ১৫০০০০ টি দুস্থ অসহায় পরিবারের মাঝে খাদ্য ও অর্থ সহায়তা প্রদান করতে হবে এবং বর্তমানে প্রাকৃতিক দুর্যোগের মধ্যে অন্যতম একটি দুর্যোগ বজ্রপাত নিয়ত্রনে বজ্র নিরোধক যন্ত্র, দন্ড ও ছাউনী স্থাপন অতিঃ জরুরী।	উপজেলা পরিষদের আওতায় আগামী এক বছরের মধ্যে ইউনিয়নের বিভিন্ন স্থানে বর্তমানে প্রাকৃতিক দুর্যোগের মধ্যে অন্যতম একটি দুর্যোগ বজ্রপাত নিয়ত্রনে বজ্র নিরোধক যন্ত্র, দন্ড ও ছাউনী স্থাপনের (অতিঃ জরুরী) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ হলো।

					প্রদান করা হয়।		
স্যানিটেশন	পর্যাপ্ত স্যানিটেশন ব্যবস্থার অভাব	সমগ্র উপজেলা	১০টি গুরুত্বপূর্ন বাজার /জনবহুল স্থান	স্যানিটেশন খাতে ডিপার্টমেন্টের বরাদ্ধ অপ্রতুলতা	নাই	৩০% অবশিষ্ট থাকবে	উপজেলার ১০ টি গুরুত্বপূর্ন বাজারে পাবলিক টয়লেট নির্মান ।
নিরাপদ পানি	পৌর এলাকায় নিরাপদ পানির অভাব	সমগ্র ফুলবাড়ীয়া পৌরসভা	২০টি হতদরিদ্র পরিবার	সাম্প্রতিক সময় পৌর এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে কোন টিউবওয়েল স্থাপন হচ্ছে না।	নাই	৪০% অবশিষ্ট থাকবে	ফুলবাড়ীয়া পৌরসভার কয়েকটি গুরুত্বপূর্ন স্থানে নিরাপদ পানির উৎসের সাব-মার্সিবল স্থাপন।
মৎস্য	আড়তে ভালোমানের পাকা শেড না থাকায় মাছের গুনগতমান নষ্ট হচ্ছে এবং চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে।	ভালুকজান এবং দেওখোলা মাছের আড়ত	২ টি	মাছের আড়তে শেড নির্মানে সঠিক পরিকল্পনা ও বরাদ্দের অভাব।	----	-------	দেওখোলা ও ভালুকজান মাছের আড়তে ২টি কওে শেড নির্মান করা যেতে পারে।
মৎস্য	দেশীয় প্রজাতির মাছ সংরক্ষন	উপজেলার সকল ইউনিয়ন	------	১। প্রাকৃতিক জলাশয় এ মাছের আবাসস্থল কমে যাচ্ছে এবং অতিরিক্ত মৎস্য আহরণ	-----	------	১। ভাওয়াল বিল এবং বরবিলা বিলে অভয়াশ্রম স্থাপন করা যেতে পারে।
মৎস্য	প্রাকৃতিক জলাশয়ে মাছের উৎপাদন কমে যাচ্ছে।	উপজেলার সকল ইউনিয়ন	----	১। প্রাকৃতিক রিসোর্স ব্যবস্থাপনার অভাব। ২। সমাজভিত্তিক চাষে প্রাকৃতিক জলাশয় ব্যবস্থাপনায় বরাদ্দ না থাকা।	------	-----	১। ভাওয়াল বিল, কালমিনা বিল এবং বরিল বিলে বিল নার্সারি স্থাপন করা যেতে পারে। ২। সমাজভিত্তিক মাছ চাষে উদ্বুদ্ধ করার জন্য কর্মশালা আয়োজন করা যেতে পারে। ৩। বিল ব্যবস্থাপনা বিষয়ক

							প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।
মৎস্য	মৎস্য খাদ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় মাছ চাষে উৎপাদন খরচ বৃদ্ধি পাচ্ছে।	উপজেলার সকল ইউনিয়ন	১৪,৬০০ মৎস্য চাষী	১। মৎস্য খাদ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে ফলে মাছের উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় মাছ চাষে চাষীরা আগ্রহ হারিয়ে ফেলছে। ২। কারিগরি জ্ঞানের স্বল্পতার জন্য মৎস্য চাষীরা আধুনিক পদ্ধতিতে মাছের খাদ্য তৈরি/মাছ চাষ করে অধিকহারে উৎপাদন করতে সক্ষম হচ্ছে না।	ময়মনসিংহ বিভাগে ফুলবাড়ীয়া উপজেলায় রাজস্ব/প্রকল্পের মাধ্যমে ১৮০ জন মৎস্য চাষীকে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে।	১৪,৬০০ জন মৎস্য চাষীর মধ্যে ১৮০ জন বাদে বাকী ১৪৪২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ দেয়া সম্ভব হচ্ছে না।	১। মৎস্য খাদ্য বৃদ্ধিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। ২। ৬০০ জন মৎস্য চাসীর স্বল্প মেয়াদী মাছ চাষের প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ৩। ১৪০০ জন আগ্রহী/উদ্যোক্তা মৎস্য চাষী (বানিজ্যিক/খামারী) দের মধ্যে দল ভিত্তিক বিভিন্ন উপকরন (এরেটর, পিলেট মেশিন, জাল, পাম্প ইত্যাদি) প্রাদান করা যেতে পারে।
মৎস্য	টয়লেট এবং অফিস জরাজীর্ণ	মৎস্য অফিস		অধিদপ্তরীয় বরাদ্দ না থাকা।	অস্বাস্থ্যকর পরিবেশ	-------	ADP অর্থায়নে সংস্কার করা যেতে পারে।
যুব উন্নয়ন অধিদপ্তর	সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি বিঘ্নিত হচ্ছে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।	আনুমানিক ৫০০০ সেবা প্রত্যাশি	১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের জরাজীর্ণ অবকাঠামো। ২। জনবলের তুলনায় পর্যাপ্ত স্থান সংকট। ৩। প্রশিক্ষণ পরিচালনার স্থানের অপ্রতুলতা। ৪। পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া যায় না।	১। বছরে কেবল ৪২০ জনকে প্রশিক্ষনের আওতায় আনা যায়। ২। অন্য কার্যক্রম নাই।	১। ৪৫৮০ জন প্রশিক্ষণের বাইরে থেকে যাবে। ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের জরাজীর্ণ অবকাঠামো। ৩। জনবলের তুলনায় পর্যাপ্ত স্থান সংকট। ৪। প্রশিক্ষণ পরিচালনার স্থানের অপ্রতুলতা। ৫। পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া যায় না।	১। জরুরী ভিত্তিতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের অবকাঠামো সংস্কার ও উন্নয়ন করা যেতে পারে। ২। মাঠ পর্যায়ে প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষণ কেন্দ্র করা যেতে পারে। ৩। উপজেলা পরিষদ হতে সেলাই প্রশিক্ষণ ও ব্লক বাটিক এ ৩০ জন করে মোট ৬০ জনের প্রশিক্ষণ দেওয়া যেতে পারে।
পল্লী উন্নয়ন	১। উপজেলা পল্লী	ফুলবাড়ীয়া	মোট সদস্য	১। জনগনের জীবনমান	ঋণ ও পল্লী উন্নয়ন	১। জনবল সমস্যা হবে।	১। দক্ষতা ভিত্তিক মূলক

	উন্নয়ন অফিসের বিভিন্ন খাত ভিত্তিক ঋণ গ্রহীতা সদস্যদের দক্ষতা মূলক প্রশিক্ষনের প্রয়োজন। ২। জনবল সমস্যা। ৩। সদস্যদের ঋণ পরিশোধে আনিহা। ৪। ল্যাপটপ/ মাল্টিমিডিয়ার অভাব।	উপজেলার পৌরসভা সহ সকল ইউনিয়ন	সংখ্যা ১৫০০ জন	উন্নয়ন। ২। দক্ষতা উন্নয়ন। ৩। ঋণের সঠিক ব্যবহার বিষয়ে সচেতনতা বৃদ্ধি। ৪। দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষনের মাধ্যমে খাত ভিত্তিক ঋণের ব্যবহার নিশ্চিত করা।	কার্যক্রম পরিচালনা।	২। ঋণ খেলাপীর পরিমান কমে যাবে। ৩। ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত হবে।	প্রশিক্ষনের ব্যবস্থা করা। ২। খাত ভিত্তিক ঋণের ব্যবহার নিশ্চিত করা। ৩। জনবলের সংকট সমাধান করা। ৪। ল্যাপটপ/মাল্টিমিডিয়ার ব্যবস্থা করা।
মাধ্যমিক শিক্ষা	শিক্ষার্থীদের উপস্থিতির হার কমে যাচ্ছে।	১৩ টি ইউনিয়ন ও ১টি পৌরসভা	১৩৭ টি শিক্ষা প্রতিষ্ঠান	১। ২৮টি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও মাদ্রাসা সমূহে শিক্ষা উপকরন এবং বেঞ্চ ও টেবিল সহ বিভিন্ন আসবাবপত্রের স্বল্পতা। ২। ৩০টি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের দুর্বল অবকাঠামো। ৩। মানসম্মত পাঠদানের অভাব। ৪। ১৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর নাই। ৫। ২০টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব। ৬। শিক্ষকদের আইসিটির উপর	অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর চলতি বছরে ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন করবে এবং শিক্ষা আসবাবপত্র সরবরাহ কাজ চলমান আছে।	১। ৫০টি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা উপকরন ও আসবাবপত্র এবং ৪০টি শিক্ষা প্রতিষ্ঠান অবকাঠামোগত সমস্যা। ২। মানসম্মত পাঠদানের অভাব। ৩। ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর সমস্যা। ৪। ৫০টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব। ৫। শিক্ষকদের আইসিটির উপর প্রশিক্ষনের অভাব।	১। উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে ১টি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন করবে এবং ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ও আসবাবপত্র সরবরাহ করবে। ২। শিক্ষকদের আইসিটির উপর প্রশিক্ষন প্রদান করবে। ৩। ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টও সরবরাহ করবে। ৪। ১০টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে। ৫। উপজেলা পরিষদের অর্থায়নে ৫টি রাস্তা মেরামত/সংস্কার করবে।

				প্রশিক্ষনের অভাব। ৭। ২০টি শিক্ষা প্রতিষ্ঠান অভিমুখী রাস্তা সংস্কার/মেরামত প্রয়োজন।			
ফুলবাড়ীয়া এরিয়া প্রোগ্রাম ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ (এনজিও)	- পিতা মাতা ও অভিভাবকদের অসচেতনতা। - স্বাস্থ্য, পুষ্টি ও ওয়াশ বিষয়ক জ্ঞানের অভাব। - বাল্য বিবাহ। - অর্থনৈতিক অস্বচ্ছলতা। - ওয়াশ কমিটির কার্যকারিতার অভাব।	৬ টি ইউনিয়ন (ফুলবাড়ীয়া সদর, কুশমাইল, বাকতা, কালাদহ, নাওগাঁও ও রাঙ্গামাটিয়া) ও ১ টি পৌরসভা	২১৩৫৭৫ জনগন (প্রতক্ষ-৪৪৯১৪ জন ও পরোক্ষ ভাবে-১৬৮৬৬১) এর মধ্যে ২৫%।	- শিক্ষার অভাব। - সামাজিক কুসংস্কার। - ধর্মীয় গোড়ামী। - অর্থনৈতিক অস্বচ্ছলতা। - দারিদ্রতা। - বাল্য বিবাহ। - জ্ঞানের অভাব।	- সচেতনতামূলক কার্যক্রম (সভা, উঠান বৈঠক, প্রশিক্ষন, দিবস পালন ইত্যাদি)। - শিশুর নিয়মিত ওজন মাপা ও স্বাস্থ্য অবস্থান সম্পর্কে অভিভাবককে জানানো। - সরকারী ও বেসরকারী দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা। - ইউনিয়ন লেভেল ওয়াশ কমিটির সাথে মিটিং করা। - কমিউনিটি ক্লিনিক এর সাথে এডভোকেসি কাজ পরিচালনা করা।	২১৩৫৭৫ জনগন (প্রতক্ষ-৪৪৯১৪ জন ও পরোক্ষ ভাবে-১৬৮৬৬১) এর মধ্যে ১৫%।	- কমিউনিটি ক্লিনিক এর অবকাঠামোগত উন্নয়ন করা। - জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। - ইউনিয়ন লেভেলের ওয়াশ কমিটিগুলোকে আরো কার্যকরী করা। - বয়সন্ধিকাল ব্যবস্থাপনার উপর শিক্ষকদেরকে প্রশিক্ষন দেওয়া ও বিদ্যালয় ভিত্তিক স্যানিটারী নেপকিন প্রদান করা ও সুষ্ঠু তদারকি করা। - সরকারী ও বেসরকারী দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা।
ফুলবাড়ীয়া এরিয়া প্রোগ্রাম ওয়ার্ল্ড ভিশন	- শিক্ষার অভাব। - উন্নত প্রযুক্তি ব্যবহারে অদক্ষ।	৬ টি ইউনিয়ন (ফুলবাড়ীয়া সদর, কুশমাইল,	৬০০ জনগন (প্রতক্ষ-	- শিক্ষার অভাব। - কর্মসংস্থানের অভাব। প্রশিক্ষনের অভাব।	- দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষনের আয়োজন করা।	৬০০ জনগন (প্রতক্ষ-৬০০ জন ও পরোক্ষ ভাবে-৩০০০) এর মধ্যে ৫%।	- দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষনের আরো আয়োজন করা। - সরকারী ও বেসরকারী দপ্তরের

